# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

## হাদিস নাম্বারঃ ১৯১৩

৩০/ সৎ ব্যবহার ও সম্পর্ক রক্ষা (كتاب البر والصلة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করা।

باب مَا جَاءَ فِي قَطِيعَةِ الرَّحِمِ

আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ، وَسَعِيدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْمَخْزُومِيُّ، قَالاَ حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ أَبِي سَلَمَةَ، قَالَ اشْتَكَى أَبُو الرَّدَّادِ اللَّيْثِيُّ فَعَادَهُ عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَوْفٍ فَقَالَ خَيْرُهُمْ وَأَوْصَلُهُمْ مَا عَلِمْتُ أَبَا مُحَمَّدٍ . فَقَالَ عَبْدُ الرَّحْمَنِ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " قَالَ اللَّهُ أَنَا اللَّهُ وَأَنَا الرَّحْمَنُ خَلَقْتُ الرَّحِمَ وَشَقَقْتُ لَهَا مِنَ اسْمِي فَمَنْ وَصَلَهَا وَصَلْتُهُ وَمَنْ قَطَعَهَا بَتَتُّهُ " . وَفِي الْبَابِ عَنْ أَبِي سَعِيدٍ وَابْنِ أَبِي أَوْفَى وَعَامِرِ بْنِ رَبِيعَةَ وَأَبِي هُرَيْرَةَ وَجُبَيْرِ بْنِ مُطْعِمٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ سُفْيَانَ عَنِ الزُّهْرِيِّ حَدِيثٌ صَحِيحٌ . وَرَوَى مَعْمَرٌ هَذَا الْحَدِيثَ عَنِ الزُّهْرِيِّ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ رَدَّادٍ اللَّيْثِيِّ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ وَمَعْمَرٌ كَذَا يَقُولُ قَالَ مُحَمَّدٌ وَحَدِيثُ مَعْمَرٍ خَطَأٌ .

বাংলা

১৯১৩। ইবনু আবূ উমার ও সাঈদ ইবনু আবদুর রহমান মাখযুমী (রহঃ) ... আবূ সালামা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, একবার আবূদ দারদা রাদিয়াল্লাহু আনহু অসুস্থ হলে আবদুর রহমান ইবনু আওফ রাদিয়াল্লাহু আনহু তাঁকে দেখতে আসেন। তখন আবূদ দারদা রাদিয়াল্লাহু আনহু বললেন, আমার জানা মতে আব মুহাম্মদ (আবদুর রহমান ইবনু আওফ) হলেন সবার শ্রেষ্ঠ এবং সবচেয়ে বেশী আত্মীয়তার সম্পর্ক রক্ষাকারী। আবদুর রহমান ইবনু আওফ বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি যে, তিনি বলেছেন, আমিই আল্লাহ, আমিই রাহমান। আমি আত্মীয়তার বন্ধন সৃষ্টি করেছি এবং আমার নাম (রাহমান) থেকে এর নাম (রেহেম) উদগত করেছি। সুতরাং যে ব্যক্তি আত্মীয়তার বন্ধন ঠিক রাখবে আমিও তার সাথে আমার সম্পর্ক ঠিক রাখব আর যে ব্যক্তি তা ছিন্ন করবে আমিও তার সাথে সম্পর্ক ছিন্ন করে ফেলব। সহীহ, সহীহাহ ৫২০, তিরমিজী হাদিস নম্বরঃ ১৯০৭ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে আবূ সাঈদ, ইবনু আবূ আওফা, আমর ইবনু রাবী'আ, আবূ হুরায়রা, জুবায়র ইবনু মুত'ইম রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। সুফইয়ান যুহরী (রহঃ) সূত্রে বর্ণিত হাদীসটি সহীহ। মা'মার (রহঃ) এ

হাদীসটিকে যুহরী-আবূ সালামা-রাদ্দাদ - লায়সী-আবদুর রহমান ইবনু আওফ রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণনা করেছেন। মুহাম্মদ বুখারী (রহঃ) বলেন, মা'মার বর্ণিত রিওয়ায়াতটি ভুল।

## English

Abu Salamah said:
" Abu[Ar-Raddad] Al-Laithi complained(of an illness). So 'Abdur-Rahman bin 'Awf visited him. He said: 'The best of you, and the most apt to maintain good relations, as far as I know, is Abu Muhammad('Abdur-Rahman bin 'Awf). So 'Abdur-Rahman bin 'Awf' said: 'I heard the Messenger of Allah saying : "Allah, Most Blessed and Most High, said: 'I am Allah, and I am Ar-Rahman. I created the Rahim(womb), and named it after My Name. So whoever keeps good relations with it, I keep good relation with him, and whoever severs it, I am finished with him.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22889

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন